রেজিস্ট্রার কার্যালয়
বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়
তেজগাঁও, ঢাকা-১২০৮।
ফোন নং: +৮৮০২-৯১২৩৮১৯।
Website: www.butex.edu.bd

Office of the Registrar
Bangladesh University of Textiles
Tejgaon, Dhaka-1208.
Phone No: +8802-9123819.
E-mail : registrar@butex.edu.bd

স্মারক নং- বুটেক্স/প্রশাঃ-১২৪/১ম খন্ড/২০২০/ তারিখ ঃ ০১/০৭/২০২৬

**বিষয়: শিক্ষার্থীদের ক্লাব রেজিস্ট্রেশন নীতিমালা অনুমোদন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়ের গত ২২/০৪/২০২৬ তারিখে অনুষ্ঠিত সিন্ডিকেটের ১০১ তম সভায় শিক্ষার্থীদের ক্লাব রেজিস্ট্রেশন নীতিমালা অনুমোদিত হয় । উক্ত নীতিমালা সদয় অবগতি ও পরবর্তী কার্যার্থে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

স্বাক্ষরিত/-
(অধ্যাপক ড. রাশেদা বেগম দিনা)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)

স্মারক নং- বুটেক্স/প্রশাঃ-১২৪/১ম খন্ড/২০২০/৫৬৪ তারিখ ঃ ০১/০৭/২০২৬

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল ঃ**

১। ডীন, সকল অনুষদ, বুটেক্স।
২। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, বুটেক্স।
৩। পরিচালক, শিক্ষার্থী কল্যাণ, বুটেক্স।
৩। প্রভোস্ট, সকল হল, বুটেক্স।
৪। দপ্তর প্রধান, সকল বিভাগ, বুটেক্স।
৫। পিএস টু ভিসি, ভিসি অফিস (ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), বুটেক্স।
৬। সংশ্লিষ্ট নথি।

(মুহাম্মদ শরীফুর রহমান)
ডেপুটি রেজিস্ট্রার (এইচআর)

# বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়

তেজগাঁও, ঢাকা-১২০৮।

## শিক্ষার্থীদের ক্লাব রেজিস্ট্রেশন নীতিমালা

[২২/০৪/২০২৬ তারিখে অনুষ্ঠিত সিন্ডিকেটের ১০১তম সভায় অনুমোদিত]

যেহেতু, বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী কর্তৃক গঠিত বিভিন্ন ক্লাব শিক্ষার্থীদের সহ-পাঠ্যক্রমিক কার্যক্রমে অংশগ্রহণের সুযোগ সৃষ্টির মাধ্যমে তাদের সৃজনশীলতার বিকাশ, সামাজিক দায়বদ্ধতা সৃষ্টি ও সর্বোপরি তাদের মধ্যে নেতৃত্বের গুণাবলীর উন্নয়ন ঘটাতে সহায়তা করে এবং বিশ্ববিদ্যালয়ের ক্লাবসমূহ সুশৃঙ্খল ও নিয়মতান্ত্রিকভাবে পরিচালনার জন্য ক্লাবগুলোকে রেজিস্ট্রেশন প্রদান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু, বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য নিম্নরূপ ক্লাব রেজিস্ট্রেশন নীতিমালা প্রণয়ন করা হলো:

### রেজিস্ট্রেশন প্রক্রিয়া:

ক) বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের দ্বারা গঠিত কোন ক্লাব অফিসিয়ালি বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রারভূক্ত হতে আগ্রহী হলে ক্লাবের পরিচালনা কমিটি-কে প্রয়োজনীয় কাগজপত্রসহ পরিচালক (শিক্ষার্থী কল্যাণ) এর মাধ্যমে রেজিস্ট্রার, বুটেক্স বরাবর আবেদন করতে হবে।

খ) ক্লাব রেজিস্ট্রেশনের জন্য প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাই এর জন্য নিম্নোক্তভাবে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি কমিটি থাকবে।

| ক্রম. | নাম ও পদবী | |
|---|---|---|
| ১) | ভাইস-চ্যান্সেলর কর্তৃক মনোনীত একজন ডীন, বুটেক্স। | আহবায়ক |
| ২) | প্রক্টর, বুটেক্স। | সদস্য |
| ৩) | পরিচালক (শিক্ষার্থী কল্যাণ), বুটেক্স। | সদস্য-সচিব |

গ) যাচাই-বাছাই কমিটির প্রতিবেদন পাওয়ার পর রেজিস্ট্রার দপ্তর আবেদনকারী ক্লাব-কে রেজিস্ট্রেশন প্রদান করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।

### রেজিস্ট্রেশন প্রাপ্তির শর্তাবলী:

১) ক্লাব গঠনের সুস্পষ্ট লক্ষ্য-উদ্দেশ্য, ধরণ, লোগো, সদস্য সংখ্যা, সদস্য নির্বাচন প্রক্রিয়া, পরিচালনা কমিটি ও এর মেয়াদ, তহবিলের উৎস ও তহবিল ব্যবহারের স্বচ্ছতা, ক্লাবের কর্মকান্ড বিশ্ববিদ্যালয়ের মূলনীতির সাথে সাংঘর্ষিক নয় ইত্যাদি বিষয় উল্লেখ করে একটি লিখিত গঠনতন্ত্র সংযুক্ত করতে হবে।

২) ক্লাবের ন্যূনতম সদস্য সংখ্যা হবে ৩০ জন। আবেদনের সময় সকল সদস্যের নাম, আইডি ও স্বাক্ষর সম্বলিত তালিকা সংযুক্ত করতে হবে।

৩) প্রতিটি ক্লাবের বাৎসরিক কার্যক্রম পঞ্জিকা বৎসর শেষে জানুয়ারী মাসের মধ্যে প্রতিবেদন আকারে পরিচালক (শিক্ষার্থী কল্যাণ) এর মাধ্যমে রেজিস্ট্রার, বুটেক্স বরাবর দাখিল করতে হবে।

৪) প্রতিটি ক্লাবের আয়-ব্যয়ের হিসাব প্রতি ৬ (ছয়) মাস অন্তর অন্তর পরিচালক (শিক্ষার্থী কল্যাণ) এর নিকট দাখিল

করতে হবে।

৫) ক্লাব ও ক্লাব পরিচালনা কমিটির কোন সদস্য ক্লাবের সদস্য থাকাকালীন কোন রাজনৈতিক সংগঠন/কোন রাজনৈতিক সংগঠনের ছায়া সংগঠনের সাথে সম্পৃক্ত থাকবে না-বিষয়টি ক্লাবের গঠনতন্ত্রে উল্লেখ থাকতে হবে এবং ক্লাব পরিচালনা কমিটি এই মর্মে একটি প্রত্যয়ন পত্র প্রদান করবে।

৬) পরিচালক (শিক্ষার্থী কল্যাণ) বুটেক্স এর সাথে আলোচনা করে দুই জন সম্ভাব্য মডারেটর/উপদেষ্টার নাম প্রস্তাব করবে এবং বিশ্ববিদ্যালয় প্রশাসন তাদের মধ্য থেকে একজনকে মডারেটর/উপদেষ্টা হিসাবে চূড়ান্ত অনুমোদন প্রদান করবে। উল্লেখ্য যে, একজন শিক্ষক একাধিক ক্লাবের মডারেটর/উপদেষ্টা হতে পারবেন না।

৭) সকল ক্লাবের মডারেটর/উপদেষ্টা অবশ্যই বিশ্ববিদ্যালয়ের একজন পূর্ণকালীন শিক্ষক হবেন।

৮) ক্লাব কর্তৃক সরবরাহকৃত সকল নথি-পত্র যাচাই-বাছাই সাপেক্ষে এই বিশ্ববিদ্যালয়ের প্রশাসন হতে ক্লাবের রেজিস্ট্রেশন প্রদান করা হবে।

৯) কোন ক্লাব তাদের গঠনতন্ত্র বিরোধী কর্মকান্ড পরিচালনা করলে অথবা বিশ্ববিদ্যালয়ের আইন-শৃঙ্খলা বিরোধী কোন কার্যক্রমে অংশগ্রহণ করলে ক্লাবের রেজিস্ট্রেশন বাতিল করা হবে।

১০) বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রয়োজন অনুযায়ী রেজিস্ট্রেশন নীতিমালা সংশোধন, পরিমার্জন ও পরিবর্ধন করতে পারবে।

23.04.26

**(অধ্যাপক ড. রাশেদা বেগম দিনা)**
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
ও
সদস্য-সচিব, সিন্ডিকেট সভা, বুটেক্স।